শেরে-বাংলা এ কে ফজলুল হক স্মৃতি ফাউন্ডেশন
Sher-E-Bangla A.K. Fazlul Hoque Smrity Foundation
শেরে বাংলা সহ মহান ব্যক্তিদের ওপর তথ্য সংগ্রহ, গবেষণা, প্রকাশনা ও একটি অরাজনৈতিক শিক্ষা-সাংস্কৃতি সমাজসেবামূলক প্রতিষ্ঠান
স্থাপিত- ২০১০

তারিখঃ ২০-১০-২০২৬ ইং

বরাবর,
সুলতানা নূরুন নাহার
গবেষণা অধ্যাপক
স্টেট ইউনিভার্সিটি, জ্যোতির্বিজ্ঞান বিভাগ, ঢাকা।



বিষয়ঃ শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড -২০২৬ গ্রহণ প্রসঙ্গে।

জনাব,
শুভেচ্ছা নিবেন। যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, **শেরে বাংলা এ কে ফজলুল হক স্মৃতি ফাউন্ডেশন** এর উদ্যোগে আগামী ৩০শে অক্টোবর ২০২৬ ইং শুক্রবার বিকাল ৪.৩০ টায়, ডেফোডিল প্লাজা (৭১ মিলনাতন) সোবহানবাগ, ধানমন্ডি, ঢাকা **"অবিভক্ত বাংলার জাতীয় নেতা শেরে বাংলা এ.কে ফজলুল হকের ১৫৩ তম জন্ম বার্ষিকী উপলক্ষে, শেরে বাংলার কর্মময় জীবন"** শীর্ষক আলোচনা সভা, **শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড -২০২৬** প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন **বিচারপতি এস এম মুজিবুর রহমান** বাংলাদেশ সুপ্রীম কোর্ট। প্রধান আলোচক হিসেবে উপস্থিত থাকবেন **অধ্যাপক মোহাম্মদ আহসান উল্লাহ** মাননীয় উপাচার্য ও ট্রেজারার, ইবাইস বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন **তাশিক আহমেদ** উপদেষ্টা, এটিএন বাংলা। সভাপতিত্ব করবেন শেরে বাংলার দৌহিত্র **সৈয়দ মার্গুব মোর্শেদ** সাবেক তথ্য সচিব ও বিটিআরসি'র চেয়ারম্যান, প্রধান উপদেষ্টা, শেরে বাংলা এ কে ফজলুল হক স্মৃতি ফাউন্ডেশন।

আপনাকে আনন্দের সাথে জানাচ্ছি যে, **শিক্ষা ক্ষেত্রে** বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ আমাদের সংগঠনের কার্যনির্বাহী পরিষদ ও উপদেষ্টা মন্ডলী আপনাকে **শেরে বাংলা গোল্ডেন অ্যাওয়ার্ড -২০২৬** প্রদানে আপনাকে চূড়ান্তভাবে মনোনীত করেছে।
ধন্যবাদান্তে,

মোঃ মঞ্জুর হোসেন ঈসা
চেয়ারম্যান
শেরে বাংলা এ কে ফজলুল হক স্মৃতি ফাউন্ডেশন।

মোঃ আর. কে. রিপন
সাধারণ সম্পাদক
শেরে বাংলা এ কে ফজলুল হক স্মৃতি ফাউন্ডেশন।